দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদে ভিডব্লিউবি পুষ্টি চাউল বিতরণ

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদে ভিডব্লিউবি নির্বাচিত উপকার ভোগীদের মধ্যে পুষ্টি চাউল বিতরণের শুভ উদ্বোধন করা হয়েছে।

বুধবার সকাল ১০টার সময় দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদ চত্বরে এই চাউল বিতরণের শুভ উদ্বোধন করা হয়। ২০২৩-২৪ চক্রের জানুয়ারি ও ফেব্রুয়ারী মাসের চাউল বিতরণ করার মধ্যো দিয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ভিডব্লিউবি কার্ডের ৩৭৪ জন উপকারভুগীর কার্ডের চাউল বিতরণ করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে উক্ত চাউল বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় তিনি বলেন পিছিয়ে পড়া জনগোষ্ঠী মহিলাদেরকে আরো সামনের দিকে এগিয়ে আনার লক্ষ্যেই সামাজিক নিরাপত্তার বেষ্টনীর আওতায় ভিডব্লিউবি কার্ড দেওয়া হয়েছে। দুই বছর আপনারা ৩০ কেজি করে চাউল পাবেন। আপনাদের কথা প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভেবেছেন। তাই আপনারা এই সুবিধা পাচ্ছেন। প্রকৃত মানুষ যেন এই চাউল পাই সেদিকে সবাইকে খেয়াল রাখতে হবে।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, ইউপি সচিব শামীম রেজা, ইউপি সদস্য সামসুল ইসলাম, জাহিদুল ইসলাম, হাসান আলী, নূরুল ইসলামসহ সব ইউপি সদস্য ও উপকার ভূগীরা।

আলমডাঙ্গায় অসহায় দুস্তদের

[redacted]

[redacted]

সাইফ, জয়, জিবন, ইভান, নয়ন, রিদান,ফাহিম, শিশির, আতিক, আশিক, মাসুম প্রমূখ।

আলমডাঙ্গার গার্মেন্টস পট্টিতে সাটার ভেঙে চার দোকানে চুরি

আলমডাঙ্গা পৌর শহরের গার্মেন্টস পট্টিতে এক রাতে চার দোকানে চুরির ঘটনা ঘটেছে। বুধবার ভোর রাত ছয়টার দিকে শহরের ৩টি গার্মেন্টস ও একটি কাপড়ের দোকানে এই চুরি হয়।

সিসিটিভির ফুটেজে চোরদের দেখা গেলেও তাৎক্ষণিকভাবে শনাক্ত করতে পারেনি স্থানীয় ও পুলিশ । পুলিশ ঘটনাস্থল থেকে সিসিটিভির ফুটেজ সংগ্রহ করেছে।

পৌর শহরের আজিমউদ্দিন সুপার মার্কেটে বিভা লাইফে ১ লাখ ৫০ হাজার টাকা, শুভেচ্ছা গার্মেন্টসে ৪৫ হাজার টাকা, মামুন কালেকশন থেকে ২৫ হাজার টাকা, সাইজি গেঞ্জি কালেকশন থেকে ৪৫ হাজার টাকা। ৪ টি দোকান থেকে প্রায় আড়াই লক্ষাধিক নগত টাকা ও মালামাল নিয়ে যায়। এছাড়াও দুটি দোকানে সাটার উঁচু করে ভেতরে প্রবেশ করতে না পেরে চলে যায় চোরেরা।

এ বিষয়ে বাজার আলমডাঙ্গা বণিক সমিতির সাধারণ সম্পাদক কামাল হোসেন বলেন, বাজারের নাইটগার্ডরা ফজরের আজানের সময় ডিউটি শেষ করে চলে যান। সক্রিয় চোর চক্রের সদস্যরা ভোর ৬ টার দিকে মার্কেটের পিছনের সাটারের তালা ভেঙে প্রবেশ করে।

আলমডাঙ্গা থানার ওসি সাইফুল ইসলাম বলেন, সিসিটিভিতে দেখে বোঝা যায় ছিঁচকে চোরেরা এই চুরির ঘটনা ঘটিয়েছে। সিসিটিভি ফুটেজ ব্যবসায়ী ও কর্মচারীদের দেখানো হবে। ফুটেজ দেখে কেউ তাৎক্ষণিক চোর শনাক্ত করতে পারেনি। যে কোনো মূল্যে চোর ধরার জন্য পুলিশি অভিযান শুরু হয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদে ভিডব্লিউবির চাল বিতরণ

দামুড়হুদার কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের ২০২৩-২০২৪ মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) প্রকল্পের অধীনে ৪৪৫জন সুবিধাভোগী ‘মহিলাদের মাঝে খাদ্য শয্যে” পুষ্টি চাল বিতরনের শুভ উদ্বোধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার ১১টার দিকে কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আ: করিম বিশ্বাসের সভাপতিত্বে ইউনিয়ন পরিষদ চত্তরে উদ্বোধনী অনুষ্ঠানে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনসুর বাবু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা দামুডহুদা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান। কার্পাসডাঙ্গা ইউনিয়ন আ: লীগের সাধারন সম্পাদক নজীর আহমেদ যুগ্ন সম্পাদক আ: সালাম বিশ্বাস সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল। প্যানেল চেয়ারম্যান মনিরুজ্জামান মন্টু ২নং প্যানেল চেয়ারম্যান বিল্লাল হোসেন ৩নং প্যানেল চেয়ারম্যান দেলোয়ারা খাতুন ইউপি সদস্য আলমগীর হোসেন, আ: সালাম, মাহবুবুর রহমান, সিরাজুল ইসলাম, নুর মোহাম্মদ ভগু, সাজিবার রহমান, সুমিয়া খাতুন, আনেহার খাতুন, উদ্দ্যেক্তা ওমিদুল ইসলাম ও হারুনার রশীদ অতিথিবৃন্দ উপকারভোগী মহিলাদের মাঝে বিষদ আলোচনা করে বক্তব্য দেন।

আলোচনা সভাটি পরিচালনা করেন কার্পাসডাঙ্গা ইউপি সচিব হাসানুজ্জামান।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে

ভিডব্লিউবি চাউল বিতরণ

দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদে ভিডব্লিউবি চাউল বিতরণের শুভ উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার সকাল সাড়ে ৯টার সময় হাউলী ইউনিয়ন পরিষদ চত্বরে এই চাউল বিতরণের শুভ উদ্বোধন করা হয়।

২০২৩-২৪ চক্রের জানুয়ারি ও ফেব্রুয়ারী মাসের চাউল বিতরণ করার মধ্যো দিয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ভিডব্লিউবি কার্ডের ৩৭৪ জন উপকারভুগীর কার্ডের চাউল বিতরণ শুরু হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন এর সভাপতিত্বে উক্ত চাউল বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। এসময় তিনি বলেন পিছিয়ে পড়া মহিলাদেরকে আরো সামনের দিকে এগিয়ে আনার লক্ষ্যেই সামাজিক নিরাপত্তার বেষ্টনীর আওতায় ভিডব্লিউবি কার্ড দেওয়া হয়েছে। দুই বছর আপনারা ৩০ কেজি করে চাউল পাবেন। আপনাদের কথা প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভেবেছেন। তাই আপনারা এই সুবিধা পাচ্ছেন। প্রকৃত মানুষ যেন এই চাউল পাই সেদিকে সবাই খেয়াল রাখবেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান।

এসময় আরও উপস্থিত ছিলেন, ট্যাগ অফিসার আতিকুর রহমান, হাউলী ইউনিয়ন পরিষদের সচিব নাঈম উদ্দিন, প্যানেল চেয়ারম্যান ২ শহিদুল ইসলাম, ইউপি সদস্য আ: হান্নান পটু, শাহাজামাল হোসেন, রিকাত আলী, জাহাঙ্গীর আলম টিক্কা, আব্দুল্লা সেলিম, রহিমা খাতুন, সাবিনা ইয়াসমিন মিনি। সংরক্ষিত মহিলা ইউপি সদস্য রওশনারা খাতুন রানি, রহিমা খাতুন। হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর শামসুল ইসলাম, ভিডব্লিউবি ফিল্ড ট্রেনার মিনারুল ইসলাম, ডিজিটাল সেন্টারের উদ্দোক্তা মাহমুদা পারভীন, সামসুজ্জোহা সৌরভ। গ্রাম পুলিশ আ: আজিজ, শরিফুল ইসলাম, বিজয় কুমার দাস, ইউসুফ আলী প্রমূখ।

দর্শনায় বিদেশী সিগারেটসহ গ্রেফতার ১

দর্শনায় চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে অবৈধ চোরাই পথে আসা বিদেশী সিগারেট সহ নয়ন (২০) নামের এক চোরাকারবারীকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল সোমবার বিকাল ৪ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নেতৃত্বে থানার এসআই তারিফুজ্জামান, এএসআই ফিরোজ হোসেন সঙ্গীয় ফোর্সসহ চোরাচালান বিরোধী অভিযান চালায় চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন গড়াইটুপি ইউনিয়নে।

এসময় ইউনিয়নের গড়াইটুপি মেলার মাঠ সংলগ্ন সুরুজ মিয়ার বাড়ির সামনে পাকা রাস্তার উপর একটি ইজিবাইকে চ্যালেঞ্জ করে পুলিশ। পরে ইজিবাইকে থাকা অবৈধ বিদেশী ১৩ শ ৯০ প্যাকেট মালবরো সিকারেট সহ নয়ন (২০) নামের এক চোরাকারবারীকে গ্রেফতার করে পুলিশ।

সেই সাথে চোরাচালান কাজে ব্যাবহৃত ব্যাটারী চালিত একটি ইজিবাইক আটক করে। সে চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন তিতুদহ ইউনিয়নের লিয়াকত আলীর ছেলে।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবীর বলেন, আমরা গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারি ভারত থেকে অবৈধ পথে মালবোরো সিগারেট পাচার হচ্ছে। এমন সংবাদের ভিত্তিত্বে থানার অফিসার ও ফোর্স অভিযান চালায় দর্শনা থানাধীন গড়াইটুপি মেলার মাঠ সংলগ্ন সড়কে।

এসময় সেখান হতে অবৈধ পথে দেশে আসা সিগারেট ও একটি ইজিবাইক সহ চোরাকারবরীকর আটক করি।সিগারেটগুলো সুইজারল্যান্ড কোম্পানীর। গতকালই তাকে দর্শনা থানায় মামলাসহ তাকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

কেরাত হামদ না’ত ও আযান প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠন

দামুড়হুদায় মাহে রমজান উপলক্ষে কেরাত হামদ না’ত ও আযান প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকাল ১০টার সময় দামুড়হুদা মডেল থানার আয়োজনে থানা কোরিডরে এই প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর সভাপতিত্বে প্রতিযোগিতা অনুষ্ঠানে বিচারক হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল মসজিদের ঈমান হাফেজ মাও: মুফতী মো: মামুন হোসেন,
অক্সফোর্ড সোলার টেকনোলজি কোম্পানি লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক হাফেজ মাও: মুফতী মো: বনি ইয়ামিন, দামুড়হুদা ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার মারিয়া মাহবুবা। বিভিন্ন ইভেন্টে প্রায় দেড়শত প্রতিযোগী অংশগ্রহণ করেন। এদের মধ্য থেকে ২৭ জন বিজয়ী কে পুরস্কার ক্রেস্ট প্রদান করা হয়। অংশগ্রহণকারী সব প্রতিযোগীকে বিশেষ পুরষ্কারে ভূষিত করা হয়। তিনজন বিচারক মন্ডলীকে দামুড়হুদা মডেল থানা’র পক্ষ থেকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।

এসময় উপস্থিত ছিলেন মডেল থানার তদন্ত ওসি শফিকুল ইসলাম, অপারেশন ওসি সফিউল আলমসহ বিভিন্ন স্কুল মাদ্রাসার ছাত্র ছাত্রী ও শিক্ষক শিক্ষিকা বৃন্দ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন এসআই মঞ্জুরুল হক।

চুয়াডাঙ্গায় সাত প্রতিষ্ঠানকে

৮হাজার ৫শ টাকা জরিমানা

চুয়াডাঙ্গায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযান পরিচালনা করা হয়েছে। বেলা সাড়ে ১২টার সময় চুয়াডাঙ্গা বড়বাজারে মুরগি, তরমুজ, ফলমুল ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে অভিযানে বিভিন্ন অনিয়মের অপরাধে ০৭ ব্যবসায়ীকে জরিমানা করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা জেলা কার্যালয় কর্তৃক সদর উপজেলার বড়বাজার এলাকায় ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়।

এসময় চুয়াডাঙ্গা বড়বাজারে অবস্থিত মুরগির বাজারে তদারকিকালে মেসার্স নিউ ব্রয়লার হাউস নামক প্রতিষ্ঠানে মুরগির ক্রয় ভাউচার সংরক্ষণ না করা, অধিক মুনাফায় মুরগি বিক্রয় ও মূল্যতালিকা যথাযথভাবে প্রদর্শন না করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো: সাইফুল ইসলামকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন- ২০০৯ এর ৪৫ ধারায় ১,০০০/- টাকা, মেসার্স হাসান ব্রয়লার কর্নার এর মালিক মোঃ মজনু মিয়াকে একই অপরাধে ও ধারায় ১,০০০/- টাকা জরিমানা করা হয়।

এছাড়া মুদি দোকান মেসার্স কাউছার স্টোর এর মালিক মো: কাউছার আলীকে দোকানে তেল চিনিসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে ৩৮ ধারায় ২,০০০/- টাকা এবং মেসার্স কৃষি বাণিজ্যালয় এর মালিক মো: শহিদুল হককে মুল্যতালিকা যথাযথভাবে প্রদর্শন না করা ও ক্রয় বিক্রয় ভাউচার সংরক্ষণ না করার অপরাধে ৪৫ ধারায় ৫০০/- টাকা, মেসার্স রাজধানী ভান্ডার এর মালিক মো: রবিউল হককে একই অপরাধ ও ধারায় ১,০০০/- টাকা, মেসার্স অর্জুন স্টোরের মালিক শ্রী অর্জুন সাহাকে পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে ৩৮ ধারায় ১,০০০/- টাকা, চৌরাস্তা মোড়ে মেসার্স হামিদ ফল ভান্ডারের মালিক মো: আব্দুল হামিদকে তরমুজের ক্রয় ভাউচার সংরক্ষণ না করে অধিক মুনাফায় তরমুজ বিক্রয় ও ফলের মুল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে ৩৮ ধারায় ২,০০০/- টাকা জরিমানা করা হয় এবং সবাইকে ভবিষ্যতের জন্য সতর্ক করে নির্দেশনা দেয়া হয়। অভিযানে ০৭টি প্রতিষ্ঠানকে মোট ৮,৫০০/- টাকা জরিমানা করা হয়।অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ।

অভিযানে সার্বিক সহযোগিতায় ছিলেন জেলা কৃষি বিপণন কর্মকর্তা

মো: সহিদুল ইসলাম ও চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি টিম।

জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন চুয়াডাঙ্গা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ।

চুয়াডাঙ্গায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালন

চুয়াডাঙ্গায় নানা আয়োজনের মধ্যে দিয়ে উদযাপন করা হলো মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ।

গতকাল রবিবার সকালে শহীদ মুক্তিযোদ্ধাদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করে সরকারি-বেসরকারি সংস্থা, বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠন দিনভর নানা অনুষ্ঠানের মধ্যদিয়ে দিবসটি পালন করে। সকাল ৬ টায় চুয়াডাঙ্গা শহীদ হাসান চত্বর ৩১বার তপোধ্বনির মাধ্যমে দিবসের শুভসূচনা করা হয়।

সূর্যোদয়ের সাথে শহীদ হাসান চত্বর শহীদ স্মৃতিস্তম্ভ ও জেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়ের সামনে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়। এরপর পরই শহীদ হাসান চত্বর শহীদ বেদিতে পুষ্পস্তর্পক অর্পণ শুরু হয়। প্রথম প্রহরে সকাল ৬টার কিছুক্ষণ পর জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান পুষ্পার্ঘ্য নিবেদনের মাধ্যমে শহীদ বেদি উন্মুক্ত করেন। এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আরাফাত রহমান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কবির হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হামিদ রেজা, সদর উপজেলা নির্বাহী অফিসার মো. শামীম ভূইয়াসহ জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ।

এরপর চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন এর নেতৃত্বে পুষ্পমাল্য অপর্ণ করে জেলা পুলিশ বিভাগ। সাথে ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার আনিসুজ্জামান, অতিরিক্ত পুলিশ সুপার মুন্না বিশ্বাসসহ জেলা

পুলিশের উর্ধ্বত কর্মকর্তারা। জেলা মুক্তিযোদ্ধা সংসদের সদস্যদের সঙ্গে শহীদ বেদিতে শ্রদ্ধা নিবেদন করেন সাবেক জেলা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আবু হোসেন।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. একেএম সাইফুর রশিদের নেতৃত্বে শিক্ষক ও শিক্ষার্থীরা শহীদ বেদিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন। চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর আজিজুর রহমানসহ শিক্ষক ও শিক্ষার্থীরা পুষ্পার্ঘ্য অর্পণ করেন। এরপর, স্বাস্থ্য বিভাগ, চুয়াডাঙ্গা পৌর পরিষদ, সদর উপজেলা প্রশাসন, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি চুয়াডাঙ্গা জেলা অফিস, জেলা যুবলীগ, জেলা ছাত্রলীগ, কৃষক লীগ, শ্রমিক লীগ, অঙ্গসহযোগি সংগঠনের নেতৃবৃন্দসহ বিভিন্ন সরকারি-বেসরকারি, ব্যাংক-বীমা, স্বায়ত্ব শাষিত প্রতিষ্ঠান, স্কুল এদিন সকল সরকারি-বেসরকারি, স্বায়ত্তশাসিত ও ব্যক্তি মালিকানাধীন ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। সন্ধায় ডিসি সাহিত্য মঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে জেলা প্রশাসন।

পুরাতন স্টেডিয়ামে সমাবেশ ও কুচকাওয়াজ সকাল ৮টায় জেলা স্টেডিয়াম মাঠে (পুরাতন) সমবেত কণ্ঠে জাতীয় সংগীত উচ্চারণের মধ্যদিয়ে দিনের ২য় পর্যায়ের কর্মসূচী শুরু হয়। জাতীয় সংগীতের তালে তালে জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান জাতীয় পতাকা উত্তোলন করেন। পরে পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুনকে সাথে নিয়ে শান্তির প্রতীক শ্বেতকপোত ও রঙিন বেলুন অবমুক্ত করে অনুষ্ঠানের উদ্বোধন করেন। এরপর প্যারেড কমান্ডার চুয়াডাঙ্গা পুলিশ লাইনের আরআই এর চৌকস প্রহরায় জেলা প্রশাসক ও পুলিশ সুপার কুচকাওয়াজ পরিদর্শন করেন।

এ সময় জেলা প্রশাসক স্টেডিয়ামে আগত ও জেলার সকলের উদ্দেশ্যে দেশের মহান স্বাধীনতা, স্বাধিরতার সুবর্ণজয়ন্তী ও সার্বভৌমত্ব অক্ষুন্ন রাখা, শহীদ মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে সুখি, সমৃদ্ধ, ক্ষুধা ও দারিদ্রমুক্ত বাংলাদেশ গঠনের লক্ষ্যে ডিজিটাল প্রযুক্তির সার্বজনীন ব্যবহার নিশ্চিত করে দেশ গড়ার আহবান জানিয়ে প্রাণবন্ত ভাষণ দেন। তিনি বলেন, ৩০ লাখ শহীদের রক্তে ও ২ লাখ মা-বোনের ইজ্জতের বিনিময়ে আমরা পেয়েছি একটি লাল-সবুজ পতাকা ও স্বাধীন সার্বভৌম রাষ্ট্র। বঙ্গবন্ধুর স্বপ্ন ছিলো নিপীড়িত-নির্যাতিত জর্জরিত মানুষের এ দেশটি যেন প্রীতির আবহে পূর্ণ হয়ে সুস্থ মানবতার আবাসভূমি হয়ে উঠতে পারে এবং সেই পরিবেশে বেড়ে ওঠে নতুন প্রজন্ম যেন পরিপূর্ণতার আশীর্বাদ মাথায় নিয়ে বিশ্বময় বিশ্বমানবতার জয়গানে মুখর হয়ে উঠতে পারে। এছাড়াও

ভাষণে বেশ কিছু ব্যাপারে গুরুত্বারোপ করেন জেলা প্রশাসক।

অনুষ্ঠান মঞ্চে এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. একেএম সাইফুর রশিদ, চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর আজিজুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আরাফাত রহমান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কবির হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হামিদ রেজা, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার আনিসুজ্জামান, অতিরিক্ত পুলিশ সুপার মুন্না বিশ্বাস, সদর উপজেলা নির্বাহী অফিসার মো. শামীম ভূইয়াসহ বিভিন্ন পর্যায়ের সরকারি কর্মকর্তা, সামাজিক ও রাজনৈতিক ব্যক্তিত্ব, সাংবাদিক ও শিক্ষক-শিক্ষিকাবৃন্দ।